



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Website : www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৪.৫৪

তারিখ: ২৮ মার্চ, ২০২৪ খ্রি.

**শিক্ষক তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রম পরিচালিত সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের চলমান (১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে) পাঠদানকারী শিক্ষকগণের তালিকা (চিফ ইন্স., উপাধ্যক্ষ ও অধ্যক্ষসহ) BTEB ওয়েবসাইটে **ই-সেবার মাধ্যমে আগামী ৩১-০৩-২০২৪ খ্রিঃ হতে ১৭-০৪-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে** স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ করার জন্য বলা হলো। উল্লেখ্য, পূর্বে ই-সেবায় এন্ট্রিকৃত তালিকায় সকল শিক্ষকদের তথ্য হালনাগাদ (যেমন: পদবি সংশোধন, কর্মস্থল পরিবর্তন, ছবি সংযুক্ত ও চলমান পর্বের পাঠদানকৃত বিষয়সমূহ এন্ট্রি ইত্যাদি) করে দিতে হবে। সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহে খন্ডকালীন/পার্টটাইম শিক্ষক তথ্য এন্ট্রি করা যাবে না। খন্ডকালীন/পার্টটাইম ও অবসরপ্রাপ্ত শিক্ষকগণের তথ্য এন্ট্রি করে থাকলে তা ডিলিট করতে হবে। এই তালিকাকে ভিত্তি ধরে বোর্ডের বিভিন্ন কার্যক্রমে শিক্ষক নিয়োগ/দায়িত্ব প্রদান করা হবে।

**ই-সেবায় শিক্ষক তথ্য প্রেরণের ধাপ:** www.bteb.gov.bd → ই-সেবা → Sign-In → Institute → Teacher's Information Menu থেকে এন্ট্রি করতে হবে। ই-সেবার Password এর জন্য রেজিস্ট্রেশন করে Password Set করুন এবং সংরক্ষণ করুন। [www.bteb.gov.bd → ই-সেবা → প্রতিষ্ঠান → Registration (প্রয়োজনীয় তথ্য দিন) → Submit for OTP (OTP প্রবেশ করান) → Submit]। এ সংক্রান্ত তথ্যের জন্য প্রয়োজনে যোগাযোগ করুন ০১৫৫০৬২০৬০৪।

**ই-সেবায় তথ্য এন্ট্রির সময় নিম্নলিখিত বিষয়সমূহ খেয়াল রাখতে হবে।**

- শিক্ষক তথ্য এন্ট্রির সময় তাদের পদবি এবং চাকুরিতে যোগদানের তারিখ নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগণের চাকুরির ধরন [Revenue, Project /URP] সঠিকভাবে নির্বাচন করতে হবে।
- প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের নিজ নিজ মূল টেকনোলজি অন্তর্ভুক্ত করতে হবে। (কর্মরত প্রতিষ্ঠানে না থাকিলেও)।
- চলমান পর্বের প্রতিষ্ঠানের ক্লাস রুটিন অনুসরণ করে **সর্বোচ্চ ৪ (চার)** টি বিষয় নির্বাচন করে ই-সেবায় এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগণ কোন কোন কাজে আগ্রহী (যেমন : অনাত্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন, উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষণ, প্রধান পরীক্ষণ, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন ইত্যাদি) তা সঠিকভাবে ক্রমানুযায়ী উল্লেখ করতে হবে।
- কোন শিক্ষক যদি বোর্ডের কোন কাজে আগ্রহী না থাকেন তাহলে আগ্রহী নয় মর্মে যথাযথ স্থানে এন্ট্রি দিতে হবে।

বি. দ্র. শিক্ষকদের তথ্যাদি ই-সেবায় এন্ট্রি বা হালনাগাদকরণের পূর্বে প্রতিষ্ঠান প্রধানগণ অবশ্যই স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের ভালোভাবে যাচাই করে নিশ্চিত হবেন। উত্তরপত্র মূল্যায়নে অনাগ্রহীদের প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগ করা নাও হতে পারে।


  
মোঃ কেপায়েত উল্লাহ  
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৪.৫৪ (১২)

তারিখ: ২৮ মার্চ, ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, [সংশ্লিষ্ট সকল]।
৩. অধ্যক্ষ, সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্রাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট।
৪. অধ্যক্ষ/পরিচালক, .....
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি ওয়েবসাইটে -এ প্রকাশ এবং বর্ণিত তারিখ মোতাবেক অনলাইন কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]।
৮. সহকারী প্রোগ্রামার [ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং এর দায়িত্বপ্রাপ্ত] বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

  
মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
ফোন: ০২-৫৫০০৬৫৩১